

বসন্ত, তোর শেষ করে দে, শেষ করে দে, শেষ করে দে রঙ্গ—

ফুল ফোটাবার খ্যাপামি, তার উদ্দাম তরঙ্গ॥

উড়িয়ে দেবার, ছড়িয়ে দেবার মাতন তোমার থামুক এবার,

নীড়ে ফিরে আসুক তোমার পথহারা বিহঙ্গ॥

তোমার সাধের মুকুল কতই পড়ল ঝরে—

তারা ধুলা হল, তারা ধুলা দিল ভরে।

প্রখর তাপে জরোজরো ফল ফলাবার সাধন ধরো,

হেলাফেলার পালা তোমার এই বেলা হোক ভঙ্গ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Style: Behag-Baul

Visit www.geetabitan.com for notation and other detail